

Model Activity Task 2022 January

Class 10| History | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২| জানুয়ারী

দশম শ্রেণী | ইতিহাস | পার্ট -১ |

পূর্ণমান- ২০

১. শূন্যস্থান পূরণ করো :

(ক) 'সোমপ্রকাশ' ছিল একটি সাপ্তাহিক পত্রিকা।

(খ) 'বেঙ্গল গেজেট' নামে প্রথম সাপ্তাহিক পত্রিকা প্রকাশ করেন জেমস অগাস্ট হিকি।

(গ) মোহনবাগান আই.এফ.এ. শিল্ড জিতেছিল 1911 খ্রিস্টাব্দে।

(ঘ) জীবনের ঝরাপাতা হল একটি স্মৃতি সাহিত্য।

২. ঠিক-ভুল নির্ণয় করো :

(ক) ভারতের ঔপনিবেশিক অরণ্য প্রধানত সাংস্কৃতিক ইতিহাসচর্চার বিষয়।

উত্তর: ভুল

(খ) সরকারি প্রতিবেদন গুরুত্বপূর্ণ ঐতিহাসিক তথ্য সরবরাহ করে।

উত্তর: ঠিক

(গ) সরকারি গুরুত্বপূর্ণ নথিপত্র মহাফেজখানায় সংরক্ষিত থাকে।

উত্তর: ঠিক

(ঘ) সামাজিক ইতিহাস সামাজিক কাঠামো ও বিভিন্ন শ্রেণির মধ্যে পারস্পরিক সম্পর্কের উপর জোর দেয়।

উত্তর: ঠিক

৩. স্তম্ভ মেলাও :

উত্তর:

'ক' স্তম্ভ

সোমপ্রকাশ

বঙ্গদর্শন

সত্তর বৎসর

জীবনস্মৃতি

'খ' স্তম্ভ

দ্বারকানাথ বিদ্যাভূষণ

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

বিপিনচন্দ্র পাল

রবীন্দ্রনাথ ঠাকুর

৪. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

(ক) সংবাদপত্র ও সাময়িকপত্রের মধ্যে পার্থক্য কী?

উত্তরঃ আধুনিক ইতিহাস রচনায় সংবাদপত্র ও সাময়িক পত্র হল দুটি গুরুত্বপূর্ণ উপাদান। উভয়ের মধ্যে যে পার্থক্য আছে সেগুলি হল—

- আকার ও আকৃতিগতঃ সংবাদপত্র আকারে অনেক বড় ও এর পৃষ্ঠাগুলি খোলাই থাকে। কিন্তু সাময়িক পত্র আকারে ছোট এবং অনেক সময় তা বইয়ের আকারে বাধাই করা থাকে।
- বিষয়গত পার্থক্যঃ সংবাদপত্রে সাধারণত দৈনন্দিন জীবনে ঘটে যাওয়া বিভিন্ন গুরুত্বপূর্ণ ঘটনার বিবরণ পাই। অন্যদিকে সাময়িক পত্র নির্দিষ্ট যে কোনো বিষয়ের উপরে প্রকাশিত হয়।
- প্রকাশনার সময়কালঃ সংবাদ পত্র প্রতিদিন প্রকাশিত হয়, অন্যদিকে সাময়িক পত্র নির্দিষ্ট সময় অন্তর প্রকাশিত হয়।

(খ) স্থানীয় ইতিহাস চর্চার গুরুত্ব কী?

উত্তরঃ আঞ্চলিক বা স্থানীয় ইতিহাস বিভিন্ন দিক থেকে গুরুত্বপূর্ণ। যেমন—

1. প্রামাণ্য ইতিহাসে সব জায়গার পরিচিতি থাকে না। গুরুত্ব বেশি না থাকলে বা বিশেষ উল্লেখযোগ্য ঘটনা না ঘটলে সেই স্থানের বিবরণ থাকে না। সেই ক্ষেত্রে স্থানীয় ইতিহাস এই অভাব পূরণ করে।
3. স্থানীয় ইতিহাস, স্থানীয় ঐতিহ্য, সংস্কৃতির অতীত থেকে বর্তমান পর্যন্ত চালচিত্র তুলে ধরে।
4. স্থানীয় ইতিহাস সেই অঞ্চলের রাজনৈতিক উত্থানপতনের দীর্ঘ কাহিনির পরিচয় দেয়। স্থানীয় ইতিহাসের মাধ্যমে সেই স্থানের জনগোষ্ঠীর ইতিহাস সম্পর্কে জানা যায়।

(গ) ইন্দিরাকে চিঠি লেখার উদ্দেশ্য কী ছিল নেহরুর?

উত্তরঃ ১৯২৮ খ্রিস্টাব্দে জহরলাল নেহরু অধিকাংশ সময়ে তিনি এলাহাবাদে থাকতেন। তখন তার একমাত্র কন্যা দশ বছরের ইন্দিরা তার নিঃসঙ্গ শৈশব কাটাচ্ছিল। চিঠির মাধ্যমে মেয়েকে কিছুটা সহচর্য ও সঙ্গ দেওয়ার জন্য পাশাপাশি জীবজগৎ ও মানুষ সম্বন্ধে নিজের উপলব্ধিকে মেয়ের কাছে তুলে ধরার জন্য তিনি প্রথম পর্যায়ে বেশ কিছু চিঠি লেখেন। এই চিঠিগুলির বিষয়বস্তু ছিল বুদ্ধি কিভাবে মানুষকে অন্যান্য প্রাণীদের চেয়ে চতুর ও শক্তিশালী করে তুলল, কিভাবে ধর্ম বিশ্বাস এর প্রচলন হল, অর্থবহ শব্দ উচ্চারণের মাধ্যমে কিভাবে ভাষার উদ্ভব হল, প্রাচীনকালের কিভাবে সমাজ সভ্যতা রাজতন্ত্র রাষ্ট্রের প্রতিষ্ঠা হল। এই সব কঠিন তথ্যকে সহজ ভাবে ইন্দিরা গান্ধীকে এই পত্রের মাধ্যমে বুঝিয়ে বলাই ছিল এই চিঠিগুলির উদ্দেশ্য।

(ঘ) ফটোগ্রাফ কীভাবে আধুনিক ভারতের ইতিহাসচর্চার উপাদান হিসেবে ব্যবহৃত হয়?

উত্তরঃ আধুনিক ইতিহাসচর্চার বিভিন্ন উপাদানের মধ্যে ফটোগ্রাফ একটি গুরুত্বপূর্ণ উপাদান। ফটোগ্রাফির মাধ্যমে বিভিন্ন ধরনের ছবিকে কামেরাবন্দি করা যায়। এগুলি কোন

গুরুত্বপূর্ণ ঘটনা, কোন মহান ব্যক্তি, কোন হত্যাকাণ্ড বা অন্য কিছু হতে পারে। যা ফটোগ্রাফিতে হয়ে ওঠে প্রামাণ্য বিষয়।

গুরুত্বঃ- 1) ফটোগ্রাফি ইতিহাসচর্চার নতুন উপাদান সরবরাহ করতে পারে।

2) প্রচলিত তথ্য বা ঘটনার সত্যতা ফটোগ্রাফির দ্বারা যাচাই করা যেতে পারে।